গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
টেমো, মহাখালী, ঢাকা-১২১২
www.temo.gov.bd

স্মারক নং-৪৫.৯০.০০০০.০০১.১১.০৮.২৫-২৪৮ তারিখ: ১৭/০৩/২০২৫খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো), মহাখালী, ঢাকা-১২ এর নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী)	সর্বোচ্চ বয়সসীমা	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাব রক্ষক টাঃ ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	৩২ বৎসর	০১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা;
২	স্টোর কিপার টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠানে স্টোর রক্ষণাবেক্ষণে অন্যূন ০৩ (তিন) বৎসরের বাস্তবকর্ম অভিজ্ঞতা; এবং (গ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা।
৩	জুনিয়র মেকানিক টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) মাসের ট্রেড কোর্সে উত্তীর্ণ।
৪	জুনিয়র ইলেকট্রিশিয়ান টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) মাসের ট্রেড কোর্সে উত্তীর্ণ।
৫	ওয়েল্ডার টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) মাসের ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং (গ) ওয়েল্ডিং কাজে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তবকর্ম অভিজ্ঞতা।
৬	ড্রাইভার কাম-মেকানিক টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) মাসের ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং (গ) হালকা যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সসহ যানবাহন মেরামত কাজে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তবকর্ম অভিজ্ঞতা।
৭	জুনিয়র বডি রিপিয়ারার টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) মাসের ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং (গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তবকর্ম অভিজ্ঞতা।
৮	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	৩২ বৎসর	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ

CamScanner

আবেদন করার নিয়মাবলী:

২। অনলাইন আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ০১ মার্চ ২০২৫ .তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে।

খ. কোটা সংক্রান্ত বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option select করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে:

১. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের **একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।**

২. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://temo.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী এবং অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) এর ওয়েবসাইটেও (www.temo.gov.bd) পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪ মার্চ, ২০২৫ তারিখ সকাল ১০.০০টা;

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮ এপ্রিল, ২০২৫ তারিখ বিকাল ৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে ক্রমিক নং-১ হতে ৮ এর জন্য অর্থাৎ ১০০/- (একশত মাত্র) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার টাকা মাত্র) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। অনগ্রসর শ্রেণির জন্য আবেদন ফি ৫০/- টাকা সার্ভিস চার্জ ৬/- টাকা। বিশেষভাবে উল্লেখ্য "Online আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: TEMO<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: TEMO ABCDEF

Reply: Applicant's name, Tk.112/- বা 56/- will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type TEMO<space> Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: TEMO<space>YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: TEMO YES xxxxxxxxxx

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for TEMO XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

CamScanner

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://temo.teletalk.com.bd অথবা যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) Website: www.temo.gov.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছণীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে TEMO<space>Help<space>User <space>user ID & Send to 16222.Example: TEMO HELP USER ABCDEF

(ii) PIN Number জানা থাকলে TEMO<space>Help<space>PIN <space>PIN No & Send to 16222.Example: TEMO HELP PIN 12345678

ঝ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৪। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা যে কোনো পদ বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৫। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৬। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

৭। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ./ডি,এ, প্রদান করা হবে না;

৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

17.03.2025

(মো: সাইফউদ্দিন আকন্দ)
ওয়ার্কসপ ম্যানেজার ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো)
মহাখালী, ঢাকা-১২১২
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

CamScanner